গাংনীতে সমবায়ীদের অংশগ্রহণে দিনব্যাপী যৌথসভা ও ই-প্রশিক্ষণ অনুষ্ঠিত

গাংনীতে সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি প্রকল্প (৩য় পর্যায়ে) সমবায়ীদের অংশগ্রহণে দিনব্যাপী যৌথসভা ও ই-প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা সমবায় অফিসের আয়োজনে গতকাল বৃহস্পতিবার গাংনী উপজেলা পরিষদ হলরুমে গাংনী উপজেলার বিভিন্ন এলাকার সমবায়ীদের নিয়ে এই প্রশিক্ষণ কর্মশাল অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু ’র সভাপতিত্বে অনুষ্ঠিত এই কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখেন
গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম, বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর জেলা সমবায় অফিসার প্রভাষ চন্দ্র বালা।

যৌথসভা ও ই-কর্মশালায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা সমবায় অফিসের পরিদর্শক নুরুজ্জামান, সহকারী প্রশিক্ষক রোকনুজ্জামান তুষার, সহকারী পরিদর্শক হাফিজুর রহমান, সমবায়ী হুমায়ুন কবির রিপন, তন্ময় হুদা, রাকিবুল ইসলাম, পান্না মেম্বার, শহিদুল ইসলাম নাসির, রুবেল প্রমূখ। প্রশিক্ষণে গাংনী উপজেলার বিভিন্ন গ্রামের সমবায় সংগঠনের ৬০ জন সদস্য অংশগ্রহণ করেন।